সংবাদ

তারিখ ... 08 NOV 2008 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৬ ...

# রংপুর বিশ্ববিদ্যালয়ে ভর্তির কার্যক্রম শুরু পরীক্ষা ৩০ নভেম্বর

জেলা বার্তা পরিবেশক, রংপুর

রংপুর বিশ্ববিদ্যালয়ের বহুল প্রত্যাশিত ছাত্র ভর্তি কার্যক্রম অবশেষে শুরু হতে যাচ্ছে। চলতি মাসের ১২ থেকে ২২ নভেম্বর পর্যন্ত ভর্তি ফরম বিক্রি এবং ৩০ নভেম্বর ছাত্রছাত্রী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

গতকাল শুক্রবার রংপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. লুৎফর রহমান জানান, শত প্রতিকূলতার মধ্যেও আমরা রংপুর বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু করতে যাচ্ছি। তিনি জানান, ভর্তি ফরমের মূল্য নির্ধারণ করা হয়েছে আড়াইশ টাকা।

শুরু : পৃ: ২ ক: ২

## শুরু : কার্যক্রম

(১২ পৃষ্ঠার পর)

সোনালী ব্যাংক কাচারী বাজার শাখা থেকে ভর্তি ফরম সংগ্রহ করা যাবে। তিনি জানান, চলতি শিক্ষা বর্ষে ৫টি বিষয়ে ছাত্রছাত্রী ভর্তি নেয়া হবে। বিষয়গুলো হলো- বাংলা, ইংরেজি, অংক, বিবিএ এবং কম্পিউটার সায়েন্স।

উল্লেখ্য, ২২ অক্টোবর বিএড কলেজ প্রাঙ্গণে অস্থায়ী কার্যালয়ে রংপুর বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন শিক্ষা উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান। এরপর শিক্ষা মন্ত্রণালয় ৭ জন শিক্ষাবিদসহ বিশিষ্ট ব্যক্তিদের সিন্ডিকেট সদস্য হিসেবে নিয়োগ দান করে।